

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েব এ্যাড্রেস: www.nbr.gov.bd
[মুসক বাস্তবায়ন (ভ্যাট তথ্য প্রযুক্তি ও প্রকল্প পরিকল্পনা শাখা)]

স্মারক নং: ০৮.০১.০০০০.০৭২.০৪.০১৫.২০১২ (অংশ-১)/৪৮১

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১
১৪ জুলাই ২০২৫

বিষয় : মূল্য সংযোজন কর (ভ্যাট) সংগ্রহ কার্যক্রমে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা কার্যকর ও সামগ্রিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নম্বর-০২; তারিখঃ ০৬/০২/২০২৫ খ্রি.

মূল্য সংযোজন কর আইন ২০১২ এবং সংশ্লিষ্ট বিধিমালার আলোকে জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত খাতসমূহে EFD/SDC এবং PKI POS ভিত্তিক “VAT Smart Challan” ব্যবস্থা চালু করা হয়েছে। এই ব্যবস্থার অধীনে মাঠপর্যায়ে Genex Infosys Ltd. ও জার্মান সরকারের মালিকানাধীন কোম্পানী Veridos GmbH-এর বাংলাদেশস্থ প্রতিষ্ঠান M/s. Relief Validation Ltd. (RVL) জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষে ভ্যাট সংগ্রহ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কার্যক্রম বাস্তবায়ন করছে।

০২. ভ্যাট সংগ্রহে বর্ণিত প্রতিষ্ঠান দুটোর পরিবীক্ষণ, মূল্যায়ন ও রিপোর্টিং কার্যক্রম ডিজিটাল পেমেন্ট গেটওয়ে ও এগ্রোগেটর সেবার নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের লাইসেন্স প্রাপ্ত পিএসও (পেমেন্ট সিস্টেম অপারেটর যেমন SSL, DGepay, Amarpay ইত্যাদি) দ্বারা পরিচালিত হবে। এ লক্ষ্যে সকল আর্থিক সেবা প্রদানকারী সংস্থাসমূহের (যথাঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্স প্রাপ্ত তফসিলি ব্যাংক, MFS, PSP, কার্ড সংস্থাসমূহ/IPS প্রভৃতি) মাধ্যমে A2A (Account to Account) পদ্ধতিতে ব্যবসা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব/ ওয়ালেট থেকে স্বয়ংক্রিয়ভাবে ডেবিট হবে এবং প্রযোজ্য ভ্যাটের সমপরিমাণ অর্থ সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট হিসেবে Realtime জমা হবে। এ প্রক্রিয়ায় ভ্যাট সংগ্রহকারী প্রতিষ্ঠান অনলাইনে ভ্যাট সিস্টেমে যুক্ত হয়ে প্রযোজ্য ভ্যাটের সমপরিমাণ অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট হিসেবে জমা দেবেন।

০৩. প্রসঙ্গত, এ সংক্রান্ত প্রতিটি লেনদেনের চার্জ বাংলাদেশ ব্যাংকের সূত্রীয় সার্কুলার “সরকারি ফি ও রাজস্ব আদায় সংক্রান্ত নির্দেশনা” (PSD Circular No. 02, তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৫) অনুসারে কার্যকর হবে:

- কার্ড লেনদেন: ২৫,০০০ টাকার নিচে হলে সর্বোচ্চ ২০ টাকা এবং ২৫,০০০ টাকার উপরে হলে সর্বোচ্চ ৫০ টাকা পর্যন্ত এবং
- মোবাইল/PSP গেটওয়ে: ১% বা BDT ৩০, যেটি কম।

০৪. বর্ণিতব্যবস্থায়, ভ্যাট সংগ্রহ কার্যক্রম ও ব্যবস্থাপনার স্বয়ংক্রিয় ও গতিশীল রাখার স্বার্থে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এনবিআর নিয়োজিত প্রতিষ্ঠান ও তাদের নিয়োজিত সংস্থার ভ্যাট সংগ্রহ সংক্রান্ত ডিজিটাল আর্থিক লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সূত্রীয় সার্কুলারের চার্জ আদায় সংক্রান্ত নির্দেশনা কার্যকরসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

[মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী]

সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি)

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

কার্যার্থে বিতরণ:

সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েব এ্যাড্রেস: www.nbr.gov.bd

[মুসক বাস্তবায়ন (ভ্যাট তথ্য প্রযুক্তি ও প্রকল্প পরিকল্পনা শাখা)]

স্মারক নং: ০৮.০১.০০০০.০৭২.০৪.০১৫.২০১২ (অংশ-১)/৪৮১

তারিখ: ৩০ আষাঢ় ১৪৩১
১৪ জুলাই ২০২৫

বিষয় : মূল্য সংযোজন কর (ভ্যাট) সংগ্রহ কার্যক্রমে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা কার্যকর ও সামগ্রিক সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ ব্যাংকের সার্কুলার নম্বর-০২; তারিখ: ০৬/০২/২০২৫ খ্রি.

মূল্য সংযোজন কর আইন ২০১২ এবং সংশ্লিষ্ট বিধিমালার আলোকে জাতীয় রাজস্ব বোর্ড নির্ধারিত খাতসমূহে EFD/SDC এবং PKI POS ভিত্তিক “VAT Smart Challan” ব্যবস্থা চালু করা হয়েছে। এই ব্যবস্থার অধীনে মাঠপর্যায়ে Genex Infosys Ltd. ও জার্মান সরকারের মালিকানাধীন কোম্পানী Veridos GmbH-এর বাংলাদেশস্থ প্রতিষ্ঠান M/s. Relief Validation Ltd. (RVL) জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষে ভ্যাট সংগ্রহ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কার্যক্রম বাস্তবায়ন করছে।

০২. ভ্যাট সংগ্রহে বর্ণিত প্রতিষ্ঠান দুটোর পরিবীক্ষণ, মূল্যায়ন ও রিপোর্টিং কার্যক্রম ডিজিটাল পেমেন্ট গেটওয়ে ও এগ্রোগেটের সেবার নিমিত্তে বাংলাদেশ ব্যাংকের লাইসেন্স প্রাপ্ত পিএসও (পেমেন্ট সিস্টেম অপারেটর যেমন SSL, DGepay, Amarpay ইত্যাদি) দ্বারা পরিচালিত হবে। এ লক্ষ্যে সকল আর্থিক সেবা প্রদানকারী সংস্থাসমূহের (যথাঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক লাইসেন্স প্রাপ্ত তফসিলি ব্যাংক, MFS, PSP, কার্ড সংস্থাসমূহ/IPS প্রভৃতি) মাধ্যমে A2A (Account to Account) পদ্ধতিতে ব্যবসা প্রতিষ্ঠানের ব্যাংক হিসাব/ ওয়ালেট থেকে স্বয়ংক্রিয়ভাবে ডেবিট হবে এবং প্রযোজ্য ভ্যাটের সমপরিমাণ অর্থ সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট হিসেবে Realtime জমা হবে। এ প্রক্রিয়ায় ভ্যাট সংগ্রহকারী প্রতিষ্ঠান অনলাইনে ভ্যাট সিস্টেমে যুক্ত হয়ে প্রযোজ্য ভ্যাটের সমপরিমাণ অর্থ জাতীয় রাজস্ব বোর্ডের সংশ্লিষ্ট হিসেবে জমা দেবেন।

০৩. প্রসঙ্গত, এ সংক্রান্ত প্রতিটি লেনদেনের চার্জ বাংলাদেশ ব্যাংকের সূত্রীয় সার্কুলার “সরকারি ফি ও রাজস্ব আদায় সংক্রান্ত নির্দেশনা” (PSD Circular No. 02, তারিখ: ০৬ ফেব্রুয়ারি ২০২৫) অনুসারে কার্যকর হবে:

- কার্ড লেনদেন: ২৫,০০০ টাকার নিচে হলে সর্বোচ্চ ২০ টাকা এবং ২৫,০০০ টাকার উপরে হলে সর্বোচ্চ ৫০ টাকা পর্যন্ত এবং
- মোবাইল/PSP গেটওয়ে: ১% বা BDT ৩০, যেটি কম।

০৪. বর্ণিতব্যবস্থায়, ভ্যাট সংগ্রহ কার্যক্রম ও ব্যবস্থাপনার স্বয়ংক্রিয় ও গতিশীল রাখার স্বার্থে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে এনবিআর নিয়োজিত প্রতিষ্ঠান ও তাদের নিয়োজিত সংস্থার ভ্যাট সংগ্রহ সংক্রান্ত ডিজিটাল আর্থিক লেনদেনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের সূত্রীয় সার্কুলারের চার্জ আদায় সংক্রান্ত নির্দেশনা কার্যকরসহ প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


[মোহাম্মদ বেলাল হোসাইন চৌধুরী]
সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

কার্যার্থে বিতরণ:

সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ